ঝিনাইদহে জেলা পর্যায়ে ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত

“অনুকরণ নয়, উদ্ভাবন” এ প্রতিপাদ্যকে সামনে নিয়ে ঝিনাইদহে নাগরিক সেবায় উদ্ভাবনী উদ্যোগ সমূহের জেলা পর্যায়ের ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসনের আয়োজনে বৃহস্পতিবার দুপুরে জেলা শিশু একাডেমিতে এ প্রদর্শনীর উদ্বোধন করেন ঝিনাইদহ-মাগুরা সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম।
এ উপলক্ষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। জেলা প্রশাসক সরোজ কুমার নাথ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এটুআই প্রোগ্রামের প্রকল্প পরিচালক ড. আব্দুল মান্নান।

বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রবিউল ইসলাম, সরকারী নুরুন্নাহার মহিলা কলেজের অধ্যক্ষ মনিরুল আলম, সাবেক উপধাক্ষ্য এনএম শাহজালাল, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃপাংশু শেখর, সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক শেখ আব্দুল লতিফ, পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপ-পরিচালক ডা. জাহিদ আহমেদ।

বক্তারা, সরকারের নাগরিক সেবা আরও সহজতর করতে প্রতিটি দপ্তরে সেবা প্রদাণের নুতন নতুন উদ্ভাবন করার আহ্বান জানান। আলোচনা সভা শেষে বিভিন্ন স্টল পরিদর্শন করেন অতিথিবৃন্দ।

দিনব্যাপী প্রদর্শনীতে জেলার ৬ টি উপজেলার বিভিন্ন দপ্তরের ১৮ টি স্টল স্থান পায়। যেখানে প্রদর্শণ করা হয় নানা ইনোভেশন মুলক কর্মকান্ড।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে ই-নামজারী বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

জমি গ্রহীতাদের দুর্ভোগ লাঘব করে তাদের কাঙ্খিত সেবা নিশ্চিত করার জন্য ঝিনাইদহে ই-নামজারী বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় জেলা প্রশাসক সরোজ কুমার নাথের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এটুআই প্রোগ্রামের প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) ড. আব্দুল মান্নান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ উজ- জামান, এটুআই প্রোগ্রামের ন্যাশনাল কনসালট্যান্ট তাসলিমানুর হোসেন, এটুআই প্রোগ্রামের ইয়ং প্রফেসনাল মাসরুর মোহাম্মদ শান্ত, আব্দুল আওয়াল। অনুষ্ঠান পরিচালনা করেন জেলা প্রশাসনের আরডিসি আবু সালেহ মোহাম্মদ হাসনাত।

আলোচনা সভা শেষে ভূমি ব্যবস্থাপনাকে স্বচ্ছতার সঙ্গে জনগণের সামনে উপস্থাপন করে সহজভাবে সেবা দান করার লক্ষ্যে জেলার ৬টি উপজেলার নির্বাহী কর্মকর্তা, সহকারী কমিশনার ভূমি, ইউনিয়ন ভূমি সহকারী ও ভূমি অফিসের কর্মকর্তাদের ই-নামজারী বিষয়ক প্রশিক্ষণ প্রদাণ করা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে ঘোড়শাল ইউনিয়নে

ওয়ার্ড আওয়ামীলীগের সম্মেলন অনুষ্টিত

ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়নের ৪,৫ ও ৬ নং ওয়ার্ড আওয়ামী লীগের ত্রি-বার্ষিক কমিটি গঠন করা হয়েছে।

মঙ্গলবার সন্ধায় ইউনিয়ন পরিষদে ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যেগে এই আয়োজন করা হয়। এ সময় ওয়ার্ড আওয়ামীলীগ সভাপতি সামছুজামান মন্টু’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ঘোড়শাল ইউনিয়নের ভারপ্রাপ্ত সভাপতি নৃত্য গোপাল শিকদার, সাধারণ সম্পাদক রণজিৎ কুমার বিশ্বাস, কৃষকলীগের নেতা প্রভাত রঞ্জন বিশ্বাসসহ ছাত্রলীগ, যুবলীগের নেতাকর্মীবৃন্দ।

এ সময় ৪নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আবুল কালাম আজাদ, সাধারণ সম্পাদক আলিম মন্ডল, ৫নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আব্দুল বাতেন ও সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সামছুজামান মন্টু ও সাধারণ সম্পাদক মহিদুল ইসলাম পদ নির্বাচিত করে ত্রি-বার্ষিক কমিটি গঠন করা হয়। নেতৃবৃন্দ জানান, আগামী ৩ দিনের মধ্যে ৫১ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি ঘোষনা করা হবে।

প্রধান অতিথি ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন বলেন,রাজনীতির পাশাপাশি সমাজকে আইনশৃংখলা শান্তিপূর্ণ রাখতে হবে।কোন মতেই সমাজে বিবাদ সৃষ্টি করা যাবে।রাজনীতির পাশাপাশি সমাজকে মাদক ও বাল্য বিবাহ মুক্ত করতে হবে।সেই জন্য সকলকে ঐক্যবদ্ধ থাকতে হবে।ইউনিয়নে বিশৃংখলাকারীকে কোন বরদাস্ত করা হবে না।

- ঝিনাইদহ প্রতিনিধি

হরিণাকুন্ডুতে দুস্থ-অসহায় নারীদের মাঝে বিনামুল্যে গরুর বাছুর বিতরণ

গাভী পালনের মাধ্যমে নারীর আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ঝিনাইদহের হরিণাকুন্ডুতে অসহায়-দুস্থ নারীদের গাভী পালন বিয়ষক প্রশিক্ষণ ও তাদের মাঝে বিনামুল্যে গরুর বাছুর বিতরণ করা হয়েছে।

সন্ধ্যায় হরিণাকুন্ডুর হরিশপুর গ্রামে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে ‘যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগো)।

দিনব্যাপী প্রশিক্ষণ শেষে হরিশপুর গ্রামের ৭ জন দুস্থ-অসহায় নারীর মাঝে গরুর বাছুর বিতরণ করা হয়।

হরিণাকুন্ডুর জোড়াদহ ইউনিয়নের চেয়ারম্যান নাজমুল হুদা পলাশ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: মশিউর রহমান, লালন একাডেমী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জালাল উদ্দীন, যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগো)’র নির্বাহী পরিচালক সাজ্জাদুল শরীফ।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে ৭ জন দুস্থ-অসহায় নারীর মাঝে গরুর বাছুর বিতরণ করা হয়।

- ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে শীতার্তদের মাঝে

কম্বল বিতরণ

‘মানুষ মানুষের জন্য’ এ স্লোগানে ঝিনাইদহ জেলা পুলিশের উদ্যোগে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।
মঙ্গলবার সকালে ঝিনাইদহ পুলিশ সুপারের কার্যালয় চত্বরে এ কম্বল বিতরণ করা হয়।
এসময় জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান (পিপিএম)সহ জেলা পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
এসময় পুলিশ সুপার মো: হাসানুজ্জামান বলেন, আমাদের সামান্য সহযোগিতায় একজন শীতার্ত মানুষ পেতে পারে উঞ্চতার ছোঁয়া। লাঘব হতে পারে অনেকের কষ্ট। তাই অসহায়, দুঃস্থ ও শীতার্ত মানুষের পাশে দাঁড়িয়ে আমাদের মানবতার সেবায় এগিয়ে আসতে হবে। পরে সদর উপজেলার অর্ধশতাধিক দুস্থ: অসহায়দের মাঝে কম্বল বিতরণ করা হয়।
– ঝিনাইদহ প্রতিনিধি